উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর

স্মারক নং : উপকা.মেলা.২০২৪.২৯ তারিখ ঃ ২২.১২.২০২৪

নোটিশ

আগামী ৩০.১২.২০২৪ তারিখ, রোজ সোমবার দুপুর ১২.০০ ঘটিকায় উপজেলা প্রশাসক এর অফিস কক্ষে উপজেলা পরিষদের মাসিক সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব এস.এম. আলমগীর প্রশাসক উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। ৩০.১২.২০২৪ তারিখে অনুষ্ঠিতব্য সভার সংশ্লিষ্ট দপ্তরের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ২৯.১২.২৪ তারিখের মধ্যে ই-মেইলে (uzchairmanmelandah@gmail.com) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

22/12/24

(এস.এম. আলমগীর)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০
E-mail:unomelandah@gmail.com

.....................................................
...................................... সম্মানীত সদস্য
উপজেলা সমন্বয় কমিটি, মেলান্দহ, জামালপুর।

স্মারক নং : উপকা.মেলা.২০২৪.২৯ তারিখঃ ২২.১২.২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১। জেলা প্রশাসক, জামালপুর।
২। উপপরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।

22/12/24

উপজেলা নির্বাহী অফিসার
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।

উপজেলা পরিষদ

মেলান্দহ, জামালপুর

ডিসেম্বর/২০২৪ মাসের উপজেলা পরিষদ সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব এস.এম. আলমগীর
প্রশাসক, উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভার তারিখ : ৩০/১২/২০২৪ খ্রি:
সময় : দুপুর ১২.০০ ঘটিকা।
উপস্থিতি/ অনুপস্থিত : পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে সভাপতি কর্তৃক সম্মানিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার কে অনুরোধ করা হয়। গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হলে কোন আপত্তি/সংশোধন/বিয়োজন না থাকায়, সর্বসম্মতি ক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্রঃনং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | স্বাস্থ্য | উপজেলা স্বাস্থ্য ও প:প কর্মকর্তা সভায় জানান, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স মেলান্দহ এর আওতাধীন এলাকায় এইচপিভি টিকাদান ক্যাম্পেইন এর লক্ষমাত্রা ছিল ১৭৪৬২ এবং অর্জন ১৭৪৪২। ক্যাম্পেইন যথেষ্ট সফলতার সাথে শেষ হয়েছে। বেসরকারি হাসপাতাল, ক্লিনিক, ডায়াগনষ্টিক সেন্টার ও ব্লাড ব্যাংকের লাইসেন্স প্রদান ও নবায়ন না হয়ে থাকলে, সেই সব বেসরকারি প্রতিষ্ঠান সিলগালা করে বন্ধ করার নির্দেশ রয়েছে। সরকারি নির্দিষ্ট ফ্রি এর মাধ্যমে অল্প খরচের মধ্যে রক্ত সঞ্চালনের ব্যবস্থা রয়েছে, বৈকালিক স্বাস্থ্যসেবা চলমান, ডেঙ্গু পরিক্ষা ও ডেঙ্গু ওয়ার্ড চালু রয়েছে। এইচইডির মাধ্যমে ০৬ (ছয়)টি কমিউনিটি ক্লিনিক পুনর্নির্মাণ রয়েছে, যার মধ্যে ০১টি পচা বহলা কমিউনিটি ক্লিনিক এখনও সম্পন্ন হয়নি। হাসপাতালে জেনারেটর, সোলার, আইপিএস ও সিসি ক্যামেরার এর কোন ব্যবস্থা না থাকায় চিকিৎসা কার্যক্রম ও নিরাপত্তা ব্যবস্থা ব্যাহত হচ্ছে। হাসপাতালের নির্মাণাধীন মসজিদ ভবনের পাশে পরিত্যাক্ত ভবনে মাদকসেবীদের উপদ্রব বেড়েছে, অপর্যাপ্ত জনবলের জন্য পরিচ্ছন্নতা কার্যক্রম ব্যাহত হচ্ছে। হাসপাতালের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | আলোচনান্তে, হাসপাতালে জেনারেটর, সোলার, আইপিএস ও সিসি ক্যামেরা ব্যবস্থা করা ও চোরের উপদ্রব, মাদকসেবীদের উপদ্রব নির্মূল করার জন্য বিভাগীয় কর্তৃপক্ষ সাথে আলোচনার মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প কর্মকর্তা |
| ২ | পরিবার পরিকল্পনা | উপজেলা প:প কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, এই মাসে এখন পর্যন্ত ২৮২ টি নরমাল ডেলিভারি হয়েছে, ১৬৯ জন নবজাতক কে সেবা দেওয়া হয়েছে। ৫৯০২ জন্য সাধারণ রোগিকে সেবা দেওয়া হয়েছে। ৮০০০ জন কিশোর – কিশোরী কে তাদের চাহিদা মতো সেবা দেওয়া হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভবিক রয়েছে। | আলোচনান্তে, সকল প্রকার সেবা কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৩ | কৃষি | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, ২০২৩-২৪ অর্থ বছরের প্রনোদনার কার্যক্রম শেষ, এবার ৬১০০ হেক্টর জমিতে সরিষা চাষ হয়েছে যা গত বারের চেয়ে অনেক বেশি, তবে এবার সরিষা খেতে মৌ বাক্স কম এসেছে। ডিসেম্বর মাসে সারের চাহিদা কম থাকলেও জানুয়ারির ১০ তারিখের পর সারের চাহিদা বৃদ্ধি পাবে। এ ব্যাপারে তিনি সকল ইউপি চেয়ারম্যানগণের নিকট সহযোগিতা প্রত্যাশা করেন যাতে কেউ অতিরিক্ত সার মজুদ না করতে পারে। | সার সংকট নিরসনে ডিলার পয়েন্টে নিয়মিত পরিদর্শন অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৪ | মৎস্য | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, জাটকা নিধন অভিযান চলমান। ৬০ জন মৎস্য চাষিকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে বাকী ৪০ জন কে পরে প্রশিক্ষণ দেওয়া হবে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৫ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান জানুয়ারী/২৫ খ্রিঃ মাসে সরকারি ভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ সংখ্যা ৮৪০টি, সংকর জাতের বাছুরের তথ্য সংগ্রহ সংখ্যা ৩৬০টি, গবদিপশুর চিকিৎসা প্রদান সংখ্যা ২৫৫৩টি, হাঁস মুরগীর চিকিৎসা প্রদান সংখ্যা ২২৮৭৭টি, খামার পরিদর্শন ১১ টি, উঠান বৈঠক আয়োজন সংখ্যা ০৯টি, উঠান বৈঠকে অংশগ্রহণকারীরর সংখ্যা ১৪৪ জন। চলতি মাসে টিকা বিক্রি, সিমেন সরবরাহ ও খামার রেজিস্টেশন বাবদ রাজস্ব আদায় হয়েছে ৭৬৮১০ টাকা। পিপিআর রোগনির্মূল ও ক্ষুরারোগ নিয়ন্ত্রণ প্রকল্পের আওতায় গত মাসে ৮১০০০ হাজার ছাগল ভেড়াকে ২য় ডোজ পিপিআর রোগের টিকা বিনামূল্যে প্রয়োগ করা হয়েছে। কার্যক্রমটি সফল ভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা। বর্তমানে ক্ষুরারোগ ও এলএসডি রোগের কিছু কিছু প্রাদুর্ভাব দেখা যাচ্ছে মাঠ পর্যায়ে। এগুলো প্রতিরোধে খামারীদের সচেতনতা বৃদ্দি এবং ভ্যাকসিনেশন কার্যক্রম মাঠ পর্যায়ে চলছে। কোথাও এইসব রোগ ব্যাপকভাবে দেখা গেলে প্রাণিসম্পদ কর্মকর্তাকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। প্রাণিসম্পদ সেক্টরের সেবাকে প্রান্তিক খামারীদের দোরগোড়ায় পৌছিয়ে দেয়ার জন্য মোবাইল ভেটেরিনারি ক্লিনিকের মাধ্যমে প্রান্তিক পর্যায়ে খামারীদের মধ্যে ফ্রি ভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প, উঠান বৈঠক, ভ্যাক্সিনেশন, ডিওয়্যর্মিং প্রোগ্রামসহ নানা ধরনের প্রাণিসম্পদ বিষয়ক সেবার গতি পূর্বের তুলনায় বহু গুণে বৃদ্ধি পেয়েছে যার ফলে প্রাণি সম্পদেব উন্নয়ন বৃদ্ধি পাচ্ছে। | গবাদীপশুদের বিভিন্ন রোগের ভ্যাকসিনেশন কার্যক্রম অব্যাহত রাখা এবং মাঠ পর্যায়ে খামারীদের প্রয়োজনীয় পরামর্শ দিয়ে সহযোগিতা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার। |
| ৬ | দুর্যোগ ব্যবস্থাপনা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, এখন পর্যন্ত কোন বরাদ্দ পাওয়া যায়নি, বরাদ্দ আসলে কার্যক্রম শুরু হবে। শীতার্ত মানুষের জন্য কম্বল পাওয়া গেছে, ইউনিয়ন ও পৌরসভা ওয়ারী বিতরণ করা হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | চলমান কাজ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

চলমান পাতা-২

| | | | | |
|---|---|---|---|---|
| ৭ | সমাজসেবা | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, উপজেলা সমাজসেবা কার্যালয় কর্তৃক বাস্তবায়িত বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা এবং প্রতিবন্ধী ভাতার অক্টোবর-২০২৪খ্রি. থেকে ডিসেম্বর-২০২৪খ্রি. পর্যন্ত ০৩ মাসের পেরোল ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। আশা করা যাচ্ছে আগামী দুএকদিনের মধ্যে যেকোন সময় ভাতাভোগীর স্ব স্ব নগদ হিসাবে ভাতার টাকা যুক্ত হবে। এছাড়া প্রতিবন্ধী ভাতার ২০২৪-২৫ অর্থ বছরের অতিরিক্ত বরাদ্দ প্রাপ্তির জন্য অনলাইন আবেদন চলমান আছে। আগামী জানুয়ারী/২৫ সকাল ১০:০০ ঘটিকা থেকে দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত প্রতিবন্ধী সনাক্তকরণ জরিপ কাজ অনুষ্ঠিত হয়। পল্লী সমাজসেবা কার্যক্রম (আর,এস,এস) পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম (আরএমসি), এসিডদগ্ধ ও প্রতিবন্ধী পুনবাসন কার্যক্রম চলমান আছে। ক্যান্সার, কিডনি, জন্মগত হৃদরোগ, স্ট্রোকে প্যারালাইজড, থ্যালাসেমিয়া ও লিভার সিরোসিসে আক্রান্ত রোগীদের এককালীন অনুদান প্রাপ্তির জন্য অনলাইন আবেদনের হার্ডকপি প্রয়োজনীয় কাগজ সংযুক্ত করে আবেদন উপজেলা সমাজসেবা কার্যালয়ে জমা দেওয়ার জন্য সংশ্লিষ্টদের জমা প্রদান করতে হবে। এছাড়া ও অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী ভাতাভোগীগণ যাতে প্রতারিত না হন তাদের টাকা অন্য কেউ উঠাতে না পারে এ ব্যাপারে প্রয়োজনীয় বিভাগীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা |
| ৮ | উপজেলা প্রা: শিক্ষা | উপজেলা প্রা: শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ০১। উপজেলা শিক্ষা অফিসার এবং সহকারী উপজেলা শিক্ষা অফিসার কর্তৃক ৩৫ টি সপ্রাবি পরিদর্শন ০২। মানসম্পন্ন প্রাথমিক শিক্ষা নিশ্চিত করা, শত ভাগ ভর্তি ঝরে পড়া রোধেস্টেকহোল্ডারগণের সাথে মত বিনিময় এবং কৃতিশিক্ষার্থী, শিক্ষক ম্যানেজিং কমিটি এবং অগ্রগামী বিদ্যালয়কে সম্মাননা প্রদান ০৩। ১১৮টি বিদ্যালয়ে স্পীকার ব্যবহার কার্যক্রম অব্যাহত আছে ০৪। ১৫৯ টি বিদ্যালয়ে এডহক কমিটি অনুমোদন করা হয়েছে এবং ইতিমধ্যে কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে ০৫। ৫ই আগস্ট এর পর বিদ্যালয় ভবন নির্মাণ কাজ বন্ধ থাকার পর পুনরায় ঝাউগড়া সপ্রাবি, ইন্দ্রবাড়ী সপ্রাবি, শিহাটা সপ্রাবি এবং উত্তর কলাবাধা সপ্রাবি কাজ শুরু হয়েছে ০৬। তৃতীয় প্রান্তিক মূল্যায়ণ/বার্ষিক পরীক্ষা সকল বিদ্যালয়ে ০২/১২/২০২৪খ্রি. তারিখ হতে১০/১২/২০২৪ খ্রি.তারিখ পর্যন্ত নির্ধারিত রুটিন অনুযায়ী সম্পন্ন হয়েছে। ৩০/১২/২০২৪ খ্রি.তারিখ পর্যন্ত মা/অভিভাবক সমাবেশের মাধ্যমে ফলাফল প্রদান চলমান রয়েছে। | ঝড়ে পড়া শিক্ষার্থীদের বিদ্যালয়ে ফেরানোর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রা: শিক্ষা কর্মকর্তা |
| ৯ | মহিলা বিষয়ক | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরের জানুয়ারী/২০২৫ইং মাসের প্রতি ইউনিয়নে ০৯টি করে বরাদ্দ পাওয়া গেছে। প্রতি মাসে মেলান্দহ পৌরসভা ১৮টি ও হাজরাবাড়ী পৌরসভা ০৯টি করে বরাদ্দ পাওয়া যায়। কাজগুলো চলমান রয়েছে। দপ্তরের অন্যান্য কার্যাবলী স্বাভাবিক ভাবে চলছে। | প্রকৃত ভাতাভোগীগণ যেন ভাতা পায় এ ব্যাপারে সভায় সিদ্ধান্ত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১০ | যুব উন্নয়ন | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। গত মাসে ১২০০০০০ টাকার ঋণ বিতরণ করা হয়েছে এছাড়া বিভিন্নি ট্রেড এর পোষাক তৈরি, বেসিক কম্পিউটার ও আইসিটি, ইলেকট্রনিক এন্ড হাউজ ওয়ারিং, রেফিজারেশন এন্ড হেয়ার কন্ডিশনিং এবং ইলেক্ট্রনিক্স প্রশিক্ষণ জেলাতে চলমান রয়েছে। | বিভিন্ন ট্রেড এর চলমান প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১১ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | উপজেলা প্রকৌশলী সভায় জানান, বিভিন্ন বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল এর কাজসহ অন্যান্য নির্মাণ কাজগুলো ধীরে হলেও হচ্ছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ১২ | জনস্বাস্থ্য | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, আদ্রা ইউনিয়নে পল্লী বিদ্যুৎ লাইনের যে সমস্যা ছিল তা সমাধান হয়েছে। ২৫০০ ল্যাট্রিন এর মধ্যে ৯০০টি ল্যাট্রিন এর কাজ শেষ হয়েছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৩ | সমবায় | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, মেলান্দহ উপজেলায় সমবায় বিভাগীয় বিভিন্ন ক্যাটাগরীর ১৮২ টি সমবায় সমিতি রয়েছে। ২০২৩-২০২৪ সালের অডিট কার্য ০১/০৭/২০২৪ খ্রি. তারিখ হতে শুরু করা হয়েছে। অত্র উপজেলায় ০১ টি আশ্রয়ণ প্রকল্প ও ০২ টি আশ্রয়ণ প্রকল্প ফেইজ-০২ রয়েছে এবং অত্র উপজেলায় ১৩(তের) টি আশ্রয়ণ-০২ প্রকল্প সমবায় সমিতি লি: নিবন্ধন করা হয়েছে। সমবায় অধিদপ্তরের আওতাধীন সিডিডিপি প্রকল্পে অত্র উপজেলায় ৬০ টি সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতিতে ৬০ জন গ্রামকর্মী কাজ করছেন। দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প, মেলান্দহ, জামালপুর এ ০১ নং দুরমুঠ ইউনিয়নের কলাবাধা গ্রাম ও ০৮ নং ফুলকোচা ইউনিয়নের ফুলকোচা গ্রাম নির্বাচন করে দুই এলাকায় ০২ (দুই) টি সমিতি নিবন্ধন করত: ০২ (দুই) টি সমিতির মোট ৫০+৫০=১০০ জনকে দুইটি করে গরু ক্রয়ের জন্য ১,৬০,০০০/- টাকাও গরু লালন পালন করার জন্য ৪০,০০,০০০/- টাকা সর্বমোট ২,০০,০০,০০০/-(দুইকোটি) টাকা প্রদান করা হয়েছে। | আলোচনান্তে, সমিতির যে সকল সদস্যদে গরু দেওয়া হয়েছে এবং লালন-পালন করার জন্য টাকা দেওয়া হয়েছে তারা বিধি মোতাবেক গরু পালন করছে কিনা তা তদারকির জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৪ | পল্লী উন্নয়ন | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ১১৭৪০০০ টাকার ঋণ বিতরণ করা হয়েছে, অপ্রধান শস্য ঋণ আদায় ১০০%, বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৫ | বন বিভাগ | উপজেলা ফরেস্টার সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ নিয়ে কোন আলোচনা হয়নি। | | |

চলমান পাতা-৩

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬ | মাধ্যমিক শিক্ষা | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ০১। এনসিটিবি থেকে প্রাপ্ত বিনামূল্যে পাঠ্য-পুস্তক শিক্ষা প্রতিষ্ঠানে বিতরণ কার্যক্রম চলমান রয়েছে ২। ''৫৩ তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি ক্রীড়া সমিতির শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা"-২০২৫ আগামী ৩১/০১/২০২৫খ্রি: হতে ০৫/০২/২০২৫খ্রি: পর্যন্ত ০২টি ভেন্যুতে চলবে ৩। ৬ষ্ঠ শ্রেনিতে ভর্তিকৃত শিক্ষার্থীর বিপরীতে ১০০/-(একশত টাকা মাত্র) অবসর ও কল্যাণ তহবিলে মাউশি নির্ধারিত ব্যাংক হিসাব নম্বরে জমার কাজ শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে চলমান রয়েছে । | ৫৩ তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি ক্রীড়া সমিতির শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা"-২০২৫ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১৭ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, ডিলার নিয়োগ কার্যক্রম অব্যাহত আছে, আমন সংগ্রহ ২০২৪-২৫ এ সংগ্রহ কার্যক্রম অব্যাহত আছে। সংগ্রহ লক্ষ্যমাত্রা ধান-১১১১.০০০ মে.টন. চাল (সিদ্ধ)-২৫৬৯.০০০ মে.টন ও চাল (আতপ)-৬০৫,০০০ মে.টন। ২৯/১২/২০২৪ খ্রি: তারিখ পর্যন্ত মেলান্দহ খাদ্য গুদামে সংগৃহিত ধান-০০০.০০০ মে.টন চাল (সিদ্ধ)-৯২২.০৫০ মে.টন ও চাল (আতপ)- ৬১.৫৬০ মে.টন। দপ্তরের অন্যান্য কার্যাবলী স্বাভাবিক রয়েছে। | অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা |
| ১৮ | ইউজিডিপি | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জানান যে, নতুন কর্ম কৌশল নির্ধারণে ইউজিডিপির প্রধান কার্যালয়ে কিছু নির্দেশনা আছে। নির্দেশনাগুলো নিয়মিত ওয়েবপোর্টাল হালনাগাদ করা এবং উপজেলা পরিষদরে ওয়েবপোর্টাল এলজিডি এমআইএস এর সাতে সম্পৃক্ত করতে হবে। পরবর্তী বরাদ্দের ক্ষেত্রে এলজিডি এমআইএস এর আপলোডকৃত তথ্যের উপর ভিত্তি করে উপজেলা পরিষদ পরবর্তী বরাদ্দ পাওয়ার জন্য উপযুক্ত হবে। ১৭টি উপজেলা কমিটির সভাপতি (ভাইস চেয়ারম্যান) না থাকায় উপজেলা পরিষদের ম্যানুয়াল অনুযায়ী প্রশাসকের নির্দেশনা মোতাবেক নিয়মিত সভা করার জন্য অনুরোধ করেন। বাস্তবায়িত কাজের মাঠ পরিদর্শন করে প্রতিবেদন জমা দেওয়াসহ উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদের কাজসহ প্রশাসনিক কাজে সহযোগিতার করার নির্দেশনা দেওয়া হয়েছে। | উপজেলা পরিষদ এর ওয়েবপোর্টাল হালনাগাদ করা ও এলজিডি এমআইএস এর সাথে সম্পৃক্ত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর |
| ১৯ | পল্লী বিদ্যুৎ সমিতি | উপজেলা পল্লী বিদ্যুৎ সমিতি ডিজিএম সভায় জানান যে, বর্তমানে লোডশিডিং নেই, বিভিন্ন সরকারি দপ্তর বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে সভায় সকল দপ্তর প্রধানদের বিদ্যুৎ বিল পরিশোধ করার জন্য অনুরোধ করেন। | অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি |
| ২০ | বিবিধ | ১। উপজেলা নির্বাহী অফিসার সভায় জনান যে, ২০২৩-২৪ অর্থ বছরে বার্ষিক আর্থিক বিবরণী সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।<br>২। উপজেলা নির্বাহী অফিসার সভায় আরো জানান যে, উপজেলা পরিষদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় করার জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩ (প) মোতাবেক ৩০০০০০/-, উপজেলা প্রতিটি ইউনিয়নে মশা উপদ্রব বৃদ্ধি পাওয়া মশা নিধনের জন্য প্রত্যেক ইউনিয়নের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩ (ফ) মোতাবেক ১০০০০/- এবং উপজেলা পরিষদের আইন শৃঙ্খলা রক্ষায় (নিরাপত্তা খাত) রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩ (ম) মোতাবেক ১০০,০০০/- উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় করা প্রয়োজন। | ১। আলোচনান্তে, ২০২৩-২৪ অর্থ বছরে বার্ষিক আর্থিক বিবরণী সভায় অনুমোদনের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।<br>২। উপজেলা পরিষদ রাজস্ব তবিল এর বিধি মোতাবেক ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩০/১২/২৪

প্রশাসক
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০
E-mail:unomelandah@gmail.com

স্মারক নং :উপকা.মেলা.২০২৪. তারিখ : ৩০.১২.২০২৪

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩। জেলা প্রশাসক, জামালপুর।
৪। উপপরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।
৫। ........................................... সম্মানীত সদস্য (সকল) উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর।
৬। অফিস কপি।

৩০/১২/২৪

(এস.এম. আলমগীর)
উপজেলা নির্বাহী অফিসার
মেলান্দহ, জামালপুর
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০
E-mail:unomelandah@gmail.com

ডিসেম্বর/২০২৪ মাসের উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা

| ক্রঃ নং | নাম ও পদবী | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | এস.এম আলমগীর প্রশাসক উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর | ০১৭০৯৯৭০১৭০<br>unomelandah@gmail.com | |
| ০২ | ডা: গাজী মোহাম্মদ রফিকুল হক<br>উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা | 01701-248612 | |
| ০৩ | ~~ডা. চিন্ময় নন্দী~~ মেহেদী হাসান<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | 01676-186694 | Pankaj |
| ০৪ | মো: আব্দুল্লাহ আল ফয়াসাল<br>উপজেলা কৃষি অফিসার | 01722260393<br>uaomelandah@gmail.com | |
| ০৫ | মো: কামরুজ্জামান<br>উপজেলা মৎস্য কর্মকর্তা | 01762-665844 | |
| ০৬ | ডা: সুকুমার চন্দ্র দাস<br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা | 01716-531262 | |
| ০৭ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | 01979-342334. | |
| ~~০৮~~ | মো: আরিফুর রহমান<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা | ০১৭৬৮৯৯৮৬৩৩ | |
| ০৯ | মোহাম্মদ আলী চকদার<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা | 01712293228 | |
| ১০ | জান্নাতুন নাহার<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | 01740624202 | |
| ১১ | মোস্তাফিজুর রহমান<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | 01715-301977 | |
| ১২ | শুভাশীষ রায়<br>উপজেলা প্রকৌশলী | 01712884965 | |
| ১৩ | মো: ইকবাল হোসেন<br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | 0777162258 | |
| ১৪ | মো: হাবিবুলাহ<br>উপজেলা সমবায় কর্মকর্তা | 01724-835543 | |
| ১৫ | শবনম মুস্তারী<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | 01917-872355 | |
| ১৬ | মো: রাশেদ ইবনে সিরাজ<br>উপজেলা পরিবেশ ও বন কর্মকর্তা | | |
| ১৭ | মোহাম্মদ আজাদুর রহমান ভূঁইয়া<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | 01911-931222 | |
| ১৮ | সোহানা বিলকিস<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | 01797457472 | |
| ১৯ | মো: রায়হান কবির<br>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর | | |
| ২০ | মো: খোরশেদ আলম<br>ডিজিএম (পল্লী বিদ্যুৎ), মেলান্দহ | | |

## ডিসেম্বর/২০২৪ মাসের উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা

| ক্রঃ নং | নাম ও পদবী | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
| --- | --- | --- | --- |
| ১. | প্রশাসক মেলান্দহ পৌরসভা, জামালপুর | | |
| ২. | প্রশাসক হাজরাবাড়ী পৌরসভা, জামালপুর | 01709970171 | |
| ৩. | ~~সৈয়দ খালেকুজ্জামান জুবেরী~~<br>চেয়ারম্যান ১নং দুরমুঠ ইউনিয়ন পরিষদ | 01618203698 | |
| ৪. | মো: আ: ছালাম<br>চেয়ারম্যান ২নং কুলিয়া ইউনিয়ন পরিষদ | | |
| | মোহাম্মদ আলী জিন্নাহ<br>চেয়ারম্যান ৩নং মাহমুদপুর ইউনিয়ন পরিষদ | | |
| ৬. | আলহাজ্ব কিশমত পাশা<br>চেয়ারম্যান ৪নং নাংলা ইউনিয়ন পরিষদ | 01973918588 | |
| ৭. | মো: আব্দুল্লাহ আল ফয়সাল<br>উপজেলা কৃষি অফিসার<br>ও<br>প্রশাসক ৫নং নয়ানগর ইউনিয়ন পরিষদ | মো: আব্দুল্লাহ আল ফয়সাল<br>01722260393<br>faisal.rahat1986@gmail.com | |
| ৮. | মো: রফিকুল ইসলাম<br>চেয়ারম্যান ৬নং আদ্রা ইউনিয়ন পরিষদ | 01320391020 | |
| ৯. | মো: শাহাদৎ হোসেন<br>চেয়ারম্যান ৭নং চরবানিপাকুরিয়া ইউনিয়ন পরিষদ | 01715995985 | |
| ১০. | মো: মামুনুর রশিদ<br>চেয়ারম্যান ৮নং ফুলকোচা ইউনিয়ন পরিষদ | | |
| ১১. | মো: সাইদুল ইসলাম লিটু<br>চেয়ারম্যান ৯নং ঘোষেরপাড়া ইউনিয়ন পরিষদ | 01713990007 | |
| ১২. | মোছা: আঞ্জুমনোয়ারা হেনা<br>চেয়ারম্যান ১০নং ঝাউগড়া ইউনিয়ন পরিষদ | | |
| ১৩. | এস.এম সায়েদুর রহমান<br>চেয়ারম্যান ১১নং শ্যামপুর ইউনিয়ন পরিষদ | 0193908[illegible]7562 | |